গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-৩ শাখা।

স্মারক নং-পৌর-৩/রাবি-বিধ-২২/২০০৩/৯৯৭

তারিখঃ ১০ সেপ্টেম্বর ২০০৬ / ২৬ ভাদ্র ১৪১৩

## পরিপত্র

বিষয়ঃ পৌরসভার ভবনাদি/আসবাবপত্র/অন্যান্য মালামাল পরিত্যক্ত ঘোষণাকারী জেলা কনডেমনেশন কমিটি ।

পৌরসভার মালিকানাধীন ব্যবহারের অনুপোযোগী ভবন/আসবাবপত্র/অন্যান্য মালামাল কনডেমড (Condemned) ঘোষণার নিমিত্ত জেলা পর্যায়ে নিম্নরূপ কনডেমনেশন কমিটি গঠন করা হলো ঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) | জেলা প্রশাসক | - | আহবায়ক |
| (খ) | সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যান/প্রশাসক | - | সদস্য |
| (গ) | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ (সংশ্লিষ্ট জেলার) | - | সদস্য |
| (ঘ) | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি (সংশ্লিষ্ট জেলার) | - | সদস্য |
| (ঘ) | উপ-পরিচালক, স্থানীয় সরকার | - | সদস্য-সচিব |

সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যান/প্রশাসক পৌরসভার নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলীর মাধ্যমে ব্যবহারের অনুপোযোগী পৌরসভার ভবন/আসবাবপত্র/অন্যান্য মালামাল কনডেমড ঘোষনা/নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে প্রাক্কলন প্রস্তুত করবেন। প্রস্তুতকৃত প্রাক্কলন পৌর পরিষদের অনুমোদনের পর তিনি উপরে বর্ণিত জেলা কনডেমনেশন কমিটির নিকট প্রেরণ করবেন। জেলা কনডেমনেশন কমিটি প্রাক্কলনটি পরীক্ষা-নিরীক্ষা এবং প্রয়োজনবোধে সংশ্লিষ্ট ভবন/আসবাবপত্র/অন্যান্য মালামাল সরেজমিনে পরিদর্শনপূর্বক পৌর চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রস্তাব যথাযথ বিবেচিত হলে তা কনডেমড ঘোষণা করবেন। জেলা প্রশাসক সংশ্লিষ্ট কাগজ পত্রাদি এবং কনডেমড ঘোষণা সংক্রান্ত কমিটির সিদ্ধান্ত অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

৩. এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২০/৯/২০০৬

( এস.এম জহরুল ইসলাম )
সচিব
স্থানীয় সরকার বিভাগ।

বিতরণঃ
১। বিভাগীয় কমিশনার, ..............................বিভাগ (সকল)।
২। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
৩। জেলা প্রশাসক, ........................জেলা (সকল)।
৪। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/এলজিইডি, ..............................জেলা।
৫। চেয়ারম্যান/প্রশাসক, ..........................পৌরসভা, জেলাঃ........................।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ..............................জেলা।